

আজ প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী শুরু

নিজস্ব প্রতিবেদক

১৭ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৭ নভেম্বর ২০১৯ ০০:০৪



আমাদের সময়

প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আজ। প্রথম দিন প্রাথমিক ও এবতেদায়ির ইংরেজি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে ১০টায় শুরু হয়ে পরীক্ষা শেষ হবে দুপুর ১টায়। এ বছর এই পরীক্ষায় ২৯ লাখ ৩ হাজার ৬৩৮ শিক্ষার্থী অংশ নেবে। গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এসব তথ্য জানিয়েছে।

সারাদেশে ৭ হাজার ৪৭০ কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে বিদেশে কেন্দ্র রয়েছে ১২টি। প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন সকালে বেইলি রোডে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শন করবেন। এ বছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ২৫ লাখ ৫৩ হাজার ২৬৭ শিক্ষার্থী অংশ নেওয়ার কথা রয়েছে। এর মধ্যে ছাত্র ১১ লাখ ৮১ হাজার ৩০০ ও ছাত্রী ১৩ লাখ ৭১ হাজার ৯৬৭ জন। এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় ৩ লাখ ৫০ হাজার ৩৭১ পরীক্ষার্থী অংশ নেবে, যার মধ্যে ছাত্র সংখ্যা ১ লাখ ৮৭ হাজার ৮২ এবং ছাত্রী সংখ্যা ১ লাখ ৬৩ হাজার ২৮৯ জন। বিদেশে কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৬১৫ জন।

এই সমাপনী পরীক্ষা সুষ্ঠু ও স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করার জন্য ইতোমধ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বিশেষ নিরাপত্তার সঙ্গে প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ ও বিতরণকাজ সম্পন্ন হয়েছে। দেশের দুর্গম এলাকার ১৮৪ কেন্দ্রে বিশেষ ব্যবস্থায় প্রশ্নপত্র পাঠানো হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে। পরীক্ষা শেষ হবে আগামী ২৪ নভেম্বর।